রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ২০২৪

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খন্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৭৯—৬৯৩ |
| ২য় খন্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২২৯৩—২৩৩৬ |
| ৩য় খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৩৩—২৩৯ |
| ৪র্থ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খন্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খন্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৯৩—২০৩৫ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খন্ড—অন্য কোনো খন্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খন্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ................. তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খন্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২০ ভাদ্র ১৪৩১/০৪ সেপ্টেম্বর ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৯২**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর ধারা (১০)(১)(ছ) অনুযায়ী জনাব ফাইয়াজ মুরশিদ কাজী, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলি), পররাষ্ট্র মন্ত্রণালয়, অন্যত্র বদলি হওয়ায় তাঁর পরিবর্তে মিজ্ সঞ্চিতা হক, মহাপরিচালক (বহুপাক্ষিক অর্থনৈতিক বিষয়াবলি), পররাষ্ট্র মন্ত্রণালয়-কে, প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে বর্তমান পদে কর্মরত থাকাকালীন [সর্বোচ্চ ০৩(তিন) বছর] মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১/০৮ সেপ্টেম্বর ২০২৪

**নং ৫৩.০০.০০০০.৩১২.১১.০০৩.১৮-৯৭**—গ্রামীণ ব্যাংক আইন, ২০১৩ এর ধারা (৯)(১)(ক) অনুযায়ী মিজ্ নাজনীন সুলতানা-কে গ্রামীণ ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছর মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০১.১৮-৯৮**—Bangladesh Bank Order, 1972-এর Article 10(4) অনুযায়ী জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক এবং ড. মোঃ কবির আহাম্মদ, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক-কে তাঁদের বর্তমান পদ থেকে স্বেচ্ছায় অবসরগ্রহণ ও অবসর-উত্তর ছুটি (পিআরএল) স্থগিতের শর্তে বাংলাদেশ ব্যাংক-এর ডেপুটি গর্ভনর পদে তাঁদের যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হ'ল।

২। এ নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২০.২০-৯৯**—The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O No. 7 of 1973)-এর Article 7 অনুযায়ী বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক মন্ত্রিপরিষদ সচিব জনাব এ. এস. এম. আব্দুল হালিম-কে তাঁর যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হ'ল।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭-১০০**—আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ধারা ১০-এর উপধারা (১) অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক-এর চেয়ারম্যান পদে মেজর জেনারেল এ কে এম আমিনুল হক, এনডিসি এএফডব্লিউসি, পিএসসি-এর স্থলে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর মহাপরিচালক মেজর জেনারেল আবদুল মোতালেব সাজ্জাদ মাহমুদ, এসজিপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি-কে বর্তমান পদে কর্মরত থাকাকালীন [সর্বোচ্চ ০৩(তিন) বছর] মেয়াদে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আফছানা বিলকিস**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**পুলিশ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ /০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.৯৯.০৩৬.২১(অংশ) ২০৯/১,**—যেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, বিপি-৮৫১১১৪২৫২১, অতিরিক্ত পুলিশ সুপার, ঢাকা জেলা (সুপারনিউমারারি পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত), সাবেক পুলিশ অফিসার ধানমন্ডি থানা, ডিএমপি, ঢাকা হাজারীবাগ থানায় রুজুকৃত মামলা নং-১১, তারিখ ৩০-০৮-২০২৪ খ্রিঃ ধারা-৩২৫/৩৮৬/৩৬৪/৩৪৬(১)/৫০৬/৩৪ পেনাল কোড এর ৫ নং এজহারনামীয় আসামী এবং বর্ণিত কর্মকর্তা উক্ত মামলায় গ্রেপ্তার হয়ে বর্তমানে জেল হাজতে আছেন;

সেহেতু, জনাব মোঃ আব্দুল্লাহিল কাফীকে বি.এস.আর, পার্ট-১ এর বিধি-৭৩ এর নোট-১ ও নোট-২ অনুযায়ী ০৩-০৯-২০২৪ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বরিশাল রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৯ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.১২.০৭৮.২৪-২২৪**—বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও বিবরণী | ডিআইজি পদে জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আলমগীর আলম, বিপি-৬৬৯১০০৬৯৭৭<br>ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | ১৪-০২-২০১৬ |
| ২. | জনাব মোঃ দেলোয়ার হোসেন মিঞা, বিপি-৬৭৯১০৯৩৪৬৮<br>ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | ১৪-০২-২০১৬ |
| ৩. | জনাব মোঃ আলী হোসেন ফকির, বিপি-৬৮৯৫১০৩৪৩৯<br>ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | ১৮-১০-২০১৭ |
| ৪. | ব্যারিস্টার মোঃ জিল্লুর রহমান, বিপি-৭০৯৫০২৭৮৮০<br>ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | ১৮-১০-২০১৭ |
| ৫. | ড. মোঃ নাজমুল করিম খান, বিপি-৬৯৯৫১০৯৮২৪<br>ডিআইজি, পুলিশ অধিদপ্তর, ঢাকা। | ০৬-১১-২০১৮ |

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মাহবুবুল আলম মজুমদার**

উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.১২.০৭৮.২৪-২৩১**—বিসিএস (পুলিশ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো।

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও বিবরণী | ডিআইজি পদে জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহ আলম, বিপিএম, বিপি-৬৫৯১১১০৬৪১<br>অতিরিক্ত আইজিপি (চলতি দায়িত্ব),<br>বিশেষ শাখা বাংলাদেশ পুলিশ, ঢাকা। | ১৪-০২-২০১৬ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুল হাসান**

সিনিয়র সহকারী সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ১০.০০.০০০০.১২৫.২৭.০০৪.২২-৬০৬**—যেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জনাব মোহাম্মদ ফরিদ আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা) এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২(চ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০৪/২০২২ রুজু করা হয়; এবং

যেহেতু জনাব মোহাম্মদ ফরিদ আলম-কে প্রদত্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে গৃহীত বক্তব্য ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি পাওয়া যায়নি;

সেহেতু বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জনাব মোহাম্মদ ফরিদ আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি (সাবেক সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা) এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৪/২০২২ এ আনীত অভিযোগ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ১০(১)(খ) অনুযায়ী প্রত্যাহারপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম সারওয়ার**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ কার্তিক ১৪৩০/২৬ অক্টোবর ২০২৩

**নং ৩৮.০০.০০০০.০০৭.১৮.০০২.২০২৩-২৭২**—সরকার কক্সবাজার জেলার সদর উপজেলার খুরুশকুল ইউনিয়নে (খুরুশকুল ও তেতৈয়া মৌজায়) খুরুশকুল বিশেষ আশ্রয়ন প্রকল্প এলাকায় ক্যাচমেন্ট এরিয়ার মধ্যে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় না থাকায় উক্ত প্রকল্প এলাকায় "খুরুশকুল জলবায়ু উদ্বাস্তু পুনর্বাসন সরকারি প্রাথমিক বিদ্যালয়" স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আক্তারুন্নাহার**
উপসচিব।

---

**আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**প্রশাসন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ আশ্বিন ১৪৩১ বঃ/১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিঃ

**নং ৫৫.০০.০০০০.১০৬.১১.০০৪.২৪.২০৩**—আইন কমিশন আইন, ১৯৯৬ এর ধারা ৭ক এর উপ-ধারা (৩) অনুযায়ী জনাব এ কে মোহাম্মদ হোসেন-কে সরকারের সচিব এর পদমর্যদা ও সুযোগ-সুবিধায় যোগদানের তারিখ হতে পরবর্তী ৩(তিন) মাস মেয়াদে আইন কমিশনের পরামর্শক হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। এ নিয়োগের অন্যান্য শর্ত অনুমোদিত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল হাসান**
যুগ্মসচিব (প্রশাসন)।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৭০.২২.২৬৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৪২১ লে. জেনারেল মোঃ মজিবুর রহমান, এসবিপি, ওএসপি, পিপিএমএস, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি, এমফিল-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.২৭.১৮২.২২.২৬৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬১৯৭ লে. কর্নেল মোঃ কুদ্দুসুর রহমান, পিএসসি, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস্) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস্) ৭৮(সি), ২৫৩(এ) এবং ২৬১ মোতাবেক প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১/১২ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২.২৪-১০৫৭**—স্থানীয় সরকার বিভাগের গত ১৮ আগস্ট ২০২৪ তারিখে জারীকৃত ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২.২৪-৯৯৮ নং প্রজ্ঞাপনের ক্রমিক নং-৩২, ৬২, ২৯৫ এবং ৩১০ সংশোধন করে স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২ (ক) এর উপধারা (১) মোতাবেক পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পৌরসভার প্রশাসক নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | প্রশাসকের নাম/পদবি | পৌরসভার নাম | জেলার নাম |
|---|---|---|---|
| ১. | সহকারী কমিশনার (ভূমি), শিবচর, মাদারীপুর | শিবচর | মাদারীপুর |
| ২. | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝালকাঠি | নলছিটি | ঝালকাঠি |
| ৩. | সিনিয়র সহকারী কমিশনার (রাজস্ব শাখা), চাঁদপুর | কচুয়া | চাঁদপুর |
| ৪. | সিনিয়র সহকারী কমিশনার (এলএ শাখা), চাঁদপুর | নারায়ণপুর | চাঁদপুর |

২। নিয়োগকৃত প্রশাসকগণ স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ৪২(ক) এর উপধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র-এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসকগণ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তারা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. মাহবুব আলম**
উপসচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-৭**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩১/১৫ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.১৮৩.২৪-৪৪৫**—বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টি বোর্ড সংক্রান্ত সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৪৩.০০.০০০০.১১৬.২২.০১২.২২.২১৪, তারিখ: ১৮ এপ্রিল ২০২৩ আংশিক সংশোধনপূর্বক বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ (২০০১ সনের ৩২ নম্বর আইন) এর ৬নং ধারার প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট পরিচালনার জন্য সরকার নিম্নরূপভাবে টাস্টি বোর্ড পুনর্গঠন করিল:

| ক্রমিক | সদস্যদের নাম (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবি |
|---|---|---|
| ১. | মাননীয় উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান |
| ২. | সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ভাইস চেয়ারম্যান |
| ৩. | মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা | সদস্যবৃন্দ |
| ৪. | মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা | ,, |
| ৫. | প্রতিনিধি, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | ,, |
| ৬. | প্রতিনিধি, যুগ্মসচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ,, |
| ৭. | জনাব নাহিদ হাসান নলেজ, কবি, কলামিস্ট ও সংগঠক | ,, |
| ৮. | জনাব আশফাক নিপুণ, নির্মাতা | ,, |
| ৯. | জনাব নওশাবা আহমেদ, অভিনয় শিল্পী | ,, |
| ১০. | অধ্যাপক ড. আবু ছালেহ মো: ওয়াদুদুর রহমান (তুহিন ওয়াদুদ), লেখক ও শিক্ষক | ,, |
| ১১. | জনাব সামিনা লুৎফা, নাট্যব্যক্তিত্ব ও শিক্ষক | ,, |
| ১২. | জনাব ইমতিয়াজ মাহমুদ, কবি | ,, |
| ১৩. | জনাব কনক চাঁপা, সংগীত শিল্পী | ,, |
| ১৪. | জনাব সাইয়েদ জামিল, কবি | ,, |
| ১৫. | ব্যবস্থাপনা পরিচালক, শিল্পী কল্যাণ ট্রাস্ট | সদস্য-সচিব |

**কার্যপরিধি : বাংলাদেশ** শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ এর ৭ ধারায় উল্লিখিত কার্যাবলি সম্পাদন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে এবং মনোনীত সদস্যগণ পত্র জারির তারিখ থেকে পরবর্তী ০৩(তিন) বছর স্বীয় পদে বহাল থাকিবেন।

**আয়েশা সিদ্দিকা**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**
**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩১/১০ সেপ্টেম্বর ২০২৪

**নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০৩.১৯-১১৬**—স্মারক নং-৪০.০০.০০০০.০১৬.৩২.০০৩.১৯.০৭ তারিখ: ০৪ জানুয়ারি ২০২৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ এর উপ-ধারা (৩) এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ মনির আলী (জাতীয় পরিচয় পত্র নম্বর: ২৩৭৭০৫৮৯৪২) সভাপতি, খাদিম সিরামিকস ওয়ার্কার্স শ্রমিক ইউনিয়ন, রেজিঃ চট্টঃ ১৮৫৫, স্থায়ী ঠিকানা: গ্রাম-মোকামেরগুল, ডাক-খাদিমনগর, থানা-শাহপরান, সিলেট, বর্তমান ঠিকানা: গ্রাম-মোকামেরপুর, ডাক-খাদিমনগর, থানা-শাহপরান, সিলেট কে "সিরামিকস" শিল্প সেক্টরে শ্রমিক পক্ষের প্রতিনিধি হিসাবে নিম্নতম মজুরী বোর্ড এর সদস্য নিয়োগ করা হয়; এবং

যেহেতু বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর ১২৩ (৪) বিধান অনুযায়ী জনাব মোঃ মনির আলী উক্ত বোর্ডের ৪র্থ সভায় অসুস্থতার কারণে অনুপস্থিত ছিলেন এবং চেয়ারম্যান নিম্নতম মজুরী বোর্ড বরাবর পদত্যাগের আবেদন করেন;

সেহেতু বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধান অনুযায়ী ১২৩ (৪) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নতম মজুরী বোর্ড হতে "সিরামিকস" শিল্প সেক্টরের শ্রমিক পক্ষের প্রতিনিধি জনাব মোঃ মনির আলী এর আসন এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

**নং ৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.১৬-১২০**—স্মারক নং-৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.১৬.২৬ তারিখঃ ১১ ডিসেম্বর ২০২৩। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ এর উপ-ধারা (৪)(৩) এর প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ জাকির হোসেন (জাতীয় পরিচয় পত্র নং-৩৭২১৫৩০৭৬৮), ব্যবস্থাপনা পরিচালক, ডেল্টা ফার্মা লিঃ, বাড়ি নং ৫০১, রোড নং-৩৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা। স্থায়ী ঠিকানাঃ ৩২ ব্রাম্মপল্লী রোড, ময়মনসিংহ সদর-২২০০, বর্তমান ঠিকানা: বাড়ি নং ৫০১, রোড নং-৩৪, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-কে "ফার্মাসিটিক্যালস" শিল্প সেক্টরে মালিক পক্ষের প্রতিনিধি হিসাবে নিম্নতম মজুরী বোর্ড এর সদস্য নিয়োগ করা হয়; এবং

যেহেতু বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর ১২৩ (৪) বিধান অনুযায়ী জনাব মোঃ জাকির হোসেন শারিরিকভাবে অসুস্থ হওয়ার কারণে নিম্নতম মজুরী বোর্ডের ০২(দুই) টি সভায় অনুপস্থিত ছিলেন এবং নিম্নতম মজুরী বোর্ড হতে তার নাম প্রত্যাহারের জন্য চেয়ারম্যান নিম্নতম মজুরী বোর্ড বরাবরে আবেদন করেন;

সেহেতু বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫ এর বিধান ১২৩ (৪) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নতম মজুরী বোর্ড হতে "ফার্মাসিটিক্যালস" শিল্প সেক্টরে মালিক পক্ষের প্রতিনিধি জনাব মোঃ জাকির হোসেন এর আসন এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আশরাফ হোসেন**
উপসচিব (মজুরী বোর্ড শাখা)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ: ২৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.২৪.২০১৪.৫০৯**—যেহেতু, জনাব মো: আব্দুল মোত্তালেব (আইডি নং-২৬০৮৩), প্রভাষক (ব্যবস্থাপনা) (সাময়িক বরখাস্তকৃত), সরকারি জসমুদ্দীন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ৯(১)/৩০ ধারায় হাতীবান্ধা থানায় ১৪ নং মামলা দায়ের হয়। উক্ত মামলায় তাকে পুলিশ গ্রেপ্তার করে ০৮-০৮-২০১৪ তারিখে বিজ্ঞ আদালতে সোপর্দ করেছে। সে প্রেক্ষিতে তাকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরান্ডাম নং ED(Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ০৮-০৮-২০১৪ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়;

যেহেতু, পরবর্তীতে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন ট্রাইব্যুনাল, লালমনিরহাট বিগত ২০-০৭-২০১৮ তারিখে ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন (সংশোধনী/২০০৩ এর ৯(১)/৩০ ধারায় আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্তক্রমে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০/-(দশ হাজার) টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ৬ মাসের সশ্রম কারাদণ্ডের আদেশ প্রদান করে;

যেহেতু, পরবর্তীতে তিনি উক্ত দণ্ডাদেশ এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে আপীল মামলা নং-৭৫০৮/২০১৮ দায়ের করে খালাস প্রাপ্ত হন;

সেহেতু, জনাব মো: আব্দুল মোত্তালেব (আইডি নং-২৬০৮৩), প্রভাষক (ব্যবস্থাপনা) (সাময়িক বরখাস্তকৃত), সরকারি জসমুদ্দীন কাজী আব্দুল গণি কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট এর সাময়িক বরখাস্তের আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস্, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. শেখ আব্দুর রশীদ**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শুল্ক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/২৯ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০১৭.২৪-৬৪৬**—জনাব শরীফ ফারুক আহমেদ খান, সহকারী কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম; বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারে প্রভাষক (হিসাববিজ্ঞান) পদ হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারি) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সিভিল সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তাঁর মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (০৭ এপ্রিল ২০১৯ হতে ২৭ এপ্রিল ২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বনানী বিশ্বাস**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৮ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/০২ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০১২.২৪-৬৫১**—জনাব মোহাম্মদ আলী আককাস, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট; মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের 'সহকারী পরিচালক' পদ হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারি) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সিভিল সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তাঁর মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকুরির (২৩ জুন ২০২১ হতে ২৭ এপ্রিল ২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো।

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

তারিখ : ২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০৩৮.৬৫.০২৬.২৪-৬৬৮**—মিজ রোকসানা ইকবাল জয়া, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা; আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর 'সহকারী পরিচালক' পদ হতে বি.সি.এস. (শুল্ক ও আবগারি) ক্যাডারে যোগদান করায় বাংলাদেশ সিভিল সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি-৪২ এবং বিধি-৩০০ (বি) অনুযায়ী তাঁর মোট পেনশনযোগ্য চাকুরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে পূর্বতন চাকরির (০৪ ডিসেম্বর ২০২২ হতে ২৭ এপ্রিল ২০২৪) ধারাবাহিকতা সংরক্ষণ করা হলো :

(ক) পূর্ব পদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতা নিরূপণের জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মকিমা বেগম**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-০২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ/০১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০২.২০২৪-৪৪**—যেহেতু, আপনি জনাব রাশেদুল ইসলাম, সহকারী পরিচালক পদে আঞ্চলিক পাসপোর্ট অফিস, রাঙ্গামাটিতে কর্মরত আছেন;

যেহেতু, আপনি রাঙ্গামাটি ভোটকেন্দ্রে প্রিজাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে কর্তব্যে চরম অবহেলা, অসহযোগিতা, দায়িত্বহীনতা ও পেশাগত অদক্ষতা প্রদর্শনসহ অসদাচরণ করেছেন;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা ০১/২০২৪/পাসপোর্ট রুজুপূর্বক এ বিভাগের ১১-০৬-২০২৪ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০২. ২০২৪.২৯ নম্বর স্মারকমূলে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে ০১-০৭-২০২৪ খ্রিঃ তারিখে উক্ত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন;

যেহেতু, গত ২৫-০৮-২০২৪ খ্রিঃ তারিখে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব রাশেদুল ইসলাম, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, রাঙ্গামাটি কর্তৃক প্রদত্ত অভিযোগনামার জবাব, ব্যক্তিগত শুনানিতে অভিযুক্তের বক্তব্য ও তাঁর চাকরিকাল ইত্যাদি পর্যালোচনায় গুরুত্ব বিবেচনায় 'লঘুদণ্ড' আরোপ যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব রাশেদুল ইসলাম, সহকারী পরিচালক এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(২) এর (ক) বিধি মোতাবেক "তিরস্কার দণ্ড" প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান** এনডিসি
সিনিয়র সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**আনসার শাখা-১**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০২ আশ্বিন ১৪৩১/১৭ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.১১৪.২৭.০০১.১৯-৯১**—যেহেতু, জনাব মোঃ ফখরুল আলম (বিএভি-১২০০৫৬), উপমহাপরিচালক, বরিশাল রেঞ্জ, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক নাশকতামূলক কর্মকাণ্ডের অভিযোগে বিভাগীয় কার্যধারা রুজুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় তাকে দায়িত্ব হতে বিরত রাখার আবশ্যকতা রয়েছে;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারার বিধান অনুযায়ী জনাব মোঃ ফখরুল আলম, উপমহাপরিচালক, বরিশাল রেঞ্জ, বরিশাল-কে ১৭-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.১১৪.২৭.০০১.১৯-৯২**—যেহেতু, জনাব মুহাম্মদ মেহেদী হাসান (বিএভি-১২০০৮৫), পরিচালক, ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক নাশকতামূলক কর্মকাণ্ডের অভিযোগে বিভাগীয় কার্যধারা রুজুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় তাকে দায়িত্ব হতে বিরত রাখার আবশ্যকতা রয়েছে;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারার বিধান অনুযায়ী জনাব মুহাম্মদ মেহেদী হাসান, পরিচালক, ২৪ আনসার ব্যাটালিয়ন, কালাপুর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার-কে ১৭-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রামে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.১১৪.২৭.০০১.১৯-৯৩**—যেহেতু, সৈয়দ ইফতেহার আলী (বিএভি-১২০১০৬), পরিচালক, ৩৫ আনসার ব্যাটালিয়ন, শিলছড়ি, কাপ্তাই, রাঙ্গামাটি এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক নাশকতামূলক কর্মকাণ্ডের অভিযোগে বিভাগীয় কার্যধারা রুজুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় তাকে দায়িত্ব হতে বিরত রাখার আবশ্যকতা রয়েছে;

সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারার বিধান অনুযায়ী সৈয়দ ইফতেহার আলী, পরিচালক, ৩৫ আনসার ব্যাটালিয়ন, শিলছড়ি, কাপ্তাই, রাঙ্গামাটি-কে ১৭-০৯-২০২৪ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ, রাজশাহীতে সংযুক্ত থাকবেন এবং বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**সুরক্ষা সেবা বিভাগ**
**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৮.০০.০০০০.০৮৫.০৪.০০১.২৪-৩১১**—মিসেস ফিরোজা মাহমুদ, স্বামী-মাহমুদুর রহমান, স্থায়ী ঠিকানাঃ গ্রাম: কাউয়াদি, উপজেলা/ থানা-দাউদকান্দি, কুমিল্লা : বর্তমান ঠিকানা : সাং-বাসা নং-০১, রোড নং-৭৭, গুলশান-২, থানা: গুলশান, জেলা-ঢাকা এর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে The Code of Criminal Procedure, (Act No. V of 1898)-এর ধারা ৪০১(১) এ প্রদত্ত ক্ষমতাবলে বিশেষ জজ আদালত নং-০১, ঢাকা এর বিশেষ মামলা নং-০৩/২০২০ [রমনা মডেল থানার মামলা নং-১৬(১০)১৬, যাহার মহানগর বিশেষ মামলা নং-১৪/২০২০; দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৭(১) ধারা হতে উদ্ভূত]-এ তাঁর বিরুদ্ধে প্রদত্ত দণ্ডাদেশ বিজ্ঞ আদালতে আত্মসমর্পণপূর্বক আপিল দায়েরের শর্তে ০৬(ছয়) মাসের জন্য নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবু সাঈদ মোল্লা**
উপসচিব।

---

**শৃঙ্খলা-০১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ ভাদ্র ১৪৩১/০৫ সেপ্টেম্বর ২০২৪

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০২৮.২৪-২৬৬**—যেহেতু, জনাব ফারহানা আক্তার, জেলার, জয়পুরহাট জেলা কারাগার, ১১-০৭-২০২২ তারিখ হতে ৩১-০৮-২০২৩ তারিখ পর্যন্ত কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার-এ কর্মরত ছিলেন। কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে কর্মরত থাকাকালীন ২৭-০৬-২০২৩ তারিখ কালের কণ্ঠ পত্রিকায় "কারাগারে নির্যাতিত সেই নারী জামিনে মুক্ত হয়ে হাসপাতালে ভর্তি" শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক গঠিত ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনে তার দায়িত্ব-কর্তব্যে অবহেলার প্রমাণ পাওয়া যায়; এবং

যেহেতু ১৬-০৬-২০২৩ তারিখ রাত ৮·০০ টায় বন্দি রুনা লায়লা কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে আগমন করেন। ১৮-০৬-২০২৩ তারিখ ওয়ার্ড ইনচার্জ কয়েদি নাজমা এবং অপর কয়েদি জাহানারা বন্দি রুনা লায়লাকে তল্লাশি করে বন্দির নিকট হতে ৭,৪০০/- টাকা উদ্ধার করেন; এবং

যেহেতু, ১৯-০৬-২০২৩ তারিখ উদ্ধারকৃত টাকা কে দিয়েছে সেই ব্যক্তির নাম উদ্ঘাটন করতে গিয়ে মেট্রন মোছাঃ ফাতেমা আক্তার এবং চিফ রাইটার কয়েদী নং ২০২২/এ পাপিয়ার অতি উৎসাহের কারণে কেস টেবিলে বন্দি পাপিয়া ও তার অনুসারী বন্দিরা (অবন্তিকা, অনিন্দিতা, রুক্সি, সোনিয়া, নাজমা, লাবুনি, আছমা, শিউলীসহ আরো অনেকে) মিলে বন্দি রুনা লায়লাকে অতি মাত্রায় মারধর করলে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন; এবং

যেহেতু, জনাব ফারহানা আক্তার, জেলার ১৯-০৬-২০২৩ তারিখ সকাল ৮·৪০ ঘটিকায় কারাভ্যন্তরে প্রবেশ করেন এবং কেইস টেবিলে একজন বন্দিকে মারধর করা হয়েছে জেনেও সকলের সামনের উক্ত বন্দিকে আরও পেটানোর আদেশ প্রদান করেন যা দায়িত্বশীল কর্মকর্তার কার্যক্রম হিসাবে গ্রহণযোগ্য নয়; এবং

যেহেতু, বন্দি পাপিয়া নির্দিষ্ট সময়ের বাইরে দীর্ঘক্ষণ লকাপের বাইরে থাকতেন এবং রাত ৮·০০/৯·০০ টায় লকাপে যেতেন যা কারাগারের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তিনি যথাযথ কর্তব্য সম্পাদনে ব্যর্থতার পরিচয় দিয়েছেন; এবং

যেহেতু, ২৩-০৬-২০২৩ তারিখ বন্দি রুনা লায়লার ভাই ও বোন তার সাথে দেখা করতে এলে তিনি তাদের কাঙ্খিত সেবা দিতে ব্যর্থ হওয়ায় দর্শনার্থী ব্যবস্থাপনায় ব্যর্থতার প্রমাণ দিয়েছেন যা দায়িত্ব ও কর্তব্যে অবহেলার শামিল; এবং

যেহেতু, তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা নং ০৩/২০২৪ রুজু করে অভিযোগনামা ও বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত ১৯-০২-২০২৪ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং বক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। গত ২৭-০৩-২০২৪ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে গত ০৯-০৫-২০২৪ তারিখ দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি গত ০৭-০৭-২০২৪ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব ফারহানা আক্তার, জেলার, জয়পুরহাট জেলা কারাগার এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগসমূহের মধ্যে অভিযোগ নং ১, ২, ৪ ও অভিযোগ নং ৫ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে উল্লেখ করেন;

সেহেতু, জনাব ফারহানা আক্তার, জেলার, জয়পুরহাট জেলা কারাগার এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(খ) বিধি অনুযায়ী "০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য স্থগিতকরন" লঘুদণ্ড প্রদান করা হলো।

নং **৫৮.০০.০০০০.০৭৬.২৭.০২৭.২৩-২৬৭**—যেহেতু, জনাব মোঃ ওবায়দুর রহমান, ভারপ্রাপ্ত সিনিয়র জেল সুপার (প্রধান প্রশিক্ষক), কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী, ০৩-০১-২০২৩ তারিখ হতে ০৯-০৮-২০২৩ তারিখ পর্যন্ত কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে কর্মরত ছিলেন। মহিলা কেন্দ্রীয় কারাগারে কর্মরত থাকাকালীন ২৭-০৬-২০২৩ তারিখ কালের কণ্ঠ পত্রিকায় "কারাগারে নির্যাতিত সেই নারী জামিনে মুক্ত হয়ে হাসপাতালে ভর্তি" শিরোনামে প্রকাশিত সংবাদের বিষয়ে কারা অধিদপ্তর কর্তৃক গঠিত ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি সরেজমিনে তদন্ত করতঃ দাখিলকৃত প্রতিবেদনে আপনার দায়িত্ব-কর্তব্যে অবহেলার প্রমাণ পাওয়া যায়; এবং

যেহেতু, ১৮-০৬-২০২৩ তারিখ ওয়ার্ড ইনচার্জ কয়েদি নাজমা এবং অপর কয়েদি জাহানারা বন্দি রুনা লায়লাকে তল্লাশি করে বন্দির নিকট হতে ৭,৪০০/- টাকা উদ্ধার করেন; এবং

যেহেতু, ১৯-০৬-২০২৩ তারিখ উদ্ধারকৃত টাকা কে দিয়েছে সেই বক্তির নাম উদ্‌ঘাটন করতে গিয়ে মেট্রন মোছাঃ ফাতেমা আক্তার এবং চিফ রাইটার কয়েদী নং ২০২২/এ পাপিয়ার অতি উৎসাহের কারণে কেস টেবিলে বন্দি পাপিয়া ও তার অনুসারী বন্দিরা (অবন্তিকা, অনিন্দিতা, রুক্সি, সোনিয়া, নাজমা, লাবুনি, আছমা, শিউলীসহ আরো অনেকে) মিলে বন্দি রুনা লায়লাকে অতি মাত্রায় মারধর করলে তিনি গুরুতর অসুস্থ হয়ে পড়েন; এবং

যেহেতু, তিনি কারাগারের প্রধান ও সার্বিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হওয়া সত্ত্বেও প্রচ্ছন্নভাবে আলোচিত সাজাপ্রাপ্ত বন্দি শামীমা নূর পাপিয়াকে প্রশ্রয় দিয়েছেন; এবং

যেহেতু, তার প্রশ্রয়ে বন্দি পাপিয়া কারাগারে নিজের প্রভাব খাটানোর জন্য স্টাফ ও বন্দিদের মাঝে উপঢৌকন ও খাবারের জন্য অনেক অর্থ ব্যয় করতেন যা দুর্বল প্রশাসনের বহি:প্রকাশ; এবং

যেহেতু, কারাগারে অন্যান্য বন্দিরা পাপিয়ার ভয়ে ভীত থাকত ও সন্ধ্যার পরে নির্দিষ্ট সময়ের বাইরে বন্দি পাপিয়া রাত্রি ৮/৯ টা পর্যন্ত অবস্থান করতেন যা জানা সত্ত্বেও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেননি, যা দায়িত্ব ও কর্তব্যে অবহেলার শামিল; এবং

যেহেতু, ১৯-০৬-২০২৩ তারিখে ঘটে যাওয়া ঘটনা তিনি টেলিফোনে বা পত্র মারফত উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত না করে দায়িত্ব অবহেলা ও বিধি লঙ্ঘন করেছেন; এবং

যেহেতু, বন্দি রুনা লায়লাকে আহত করার ঘটনা জেনে বুঝেও একাধারে ভিকটিম রুনা লায়লার নিকট হতে উদ্ধারকৃত ৭,৪০০/- (সাত হাজার চারশত) টাকা বাজেয়াপ্ত, ৩০ (ত্রিশ) দিন দেখা-সাক্ষাত বন্ধ, ০৭ (সাত) দিন ফোনে কথা বলা বন্ধ করেছেন এবং হাতকড়া দেয়ার মত কঠোর শাস্তি প্রদান করেছেন যা কারা বিধি-৭০৭ ধারা লঙ্ঘন; এবং

যেহেতু, ২৩-০৬-২০২৩ তারিখে রুনা লায়লার পরিবারকে তার শারীরিক অবস্থা জানা সত্ত্বেও কোন কিছু অবহিত করেননি এবং রুনা লায়লাকে যে শাস্তিস্বরূপ তার পরিবারের সাথে দেখা করতে দেয়া হবে না মর্মেও তার পরিবারকে অবহিত করেননি; এবং

যেহেতু, তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' বিধায় বিভাগীয় মামলা নং ০২/২০২৪ রুজু করে অভিযোগনামা ও বিবরণী প্রেরণ করা হয়। অভিযুক্ত ২৫-০২-২০২৪ তারিখে উক্ত অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। গত ০২-০৫-২০২৪ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার জবাব ও ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধিমতে গত ০৯-০৫-২০২৪ তারিখ দুই সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি গত ০৭-০৭-২০২৪ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ ওবায়দুর রহমান, ভারপ্রাপ্ত সিনিয়র জেল সুপার (প্রধান প্রশিক্ষক), কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী এর বিরুদ্ধে আনীত অসদাচরণ এর অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত মর্মে উল্লেখ করেন;

সেহেতু, জনাব মোঃ ওবায়দুর রহমান, ভারপ্রাপ্ত সিনিয়র জেলা সুপার (প্রধান প্রশিক্ষক), কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) বিধি অনুযায়ী 'বেতনক্রমের সর্বনিম্ন ধাপে ০১ (এক) বৎসরের জন্য অবনমিতকরণ' লঘুদণ্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান** এনডিসি
সিনিয়র সচিব।

---

**কারা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১/০৯ সেপ্টেম্বর ২০২৪

নং **৫৮.০০.০০০০.০৮৪.২৭.০০১.২৪.২৬৭**—সুরক্ষা সেবা বিভাগের ২২ জুলাই ২০২৪ তারিখের ৫৮.০০.০০০০.০৮৪.২৭.০০১.২৪.২১৭ নম্বর প্রজ্ঞাপনমূলে জারীকৃত নরসিংদী জেলা কারাগারের সাবেক জেলার জনাব মোঃ কামরুল ইসলাম এর সাময়িক বরখাস্তের আদেশ কারা অধিদপ্তরের প্রস্তাবনা অনুযায়ী এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহ্‌নিয়া রহমান চৌধুরী**
উপসচিব।

**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩১/১০ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৫৫.২২-৪৬৭**—যেহেতু, শেখ রাজীবুল হাসান (বিপি-৭৮০৮১২১৬৬৯), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা ইতঃপূর্বে সিনিয়র সহকারী পুলিশ কমিশনার (তেজগাঁও বিভাগ), ডিএমপি, ঢাকায় কর্মরত ছিলেন। ঐ সময়কালে গত ০১-০২-২০১৫ তারিখ ঢাকা'র কাফরুল থেকে সুমাইয়া নামের ১৮ (আঠার) বছরের এক কিশোরী অপহৃত হলে ০৬-০৪-২০১৫ তারিখ দৈনিক 'যুগান্তর' পত্রিকায় তার ইউনিফর্ম পরিহিত ছবি সম্বলিত "পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে কিশোরী অপহরণের অভিযোগ" শিরোনামে সংবাদ প্রকাশিত হয়। অনুসন্ধানে জানা যায় তিনি তার সরকারি মোবাইল নম্বর দিয়েই ঐ কিশোরীর সাথে ঘণ্টার পর ঘণ্টা কথা বলেছেন। তাকে বিভিন্ন হোস্টেলে এবং আলাদা বাসা ভাড়া নিয়ে একত্রে বসবাস করেন। এরই এক পর্যায়ে ঐ কিশোরী গর্ভবতী হয়ে পড়ে। এ সময় সে বিয়ের জন্য চাপ দিলে তিনি কাজী ডেকে বিবাহ করেন এবং পরবর্তীতে পারিবারিক দ্বন্দ্ব সৃষ্টি হলে তাকে নিয়ে সংসার করবেন না বলে জানান। তিনি বিবাহিত এবং তার সন্তান থাকা সত্ত্বেও বিয়ের তথ্য গোপন করে প্রথম স্ত্রীর অনুমতি না নিয়ে সুমাইয়াকে বিয়ে করেন। উল্লিখিত তথ্যের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। একই সাথে গঠিত অভিযোগনামার বিপরীতে অভিযুক্ত অতিরিক্ত পুলিশ শেখ রাজীবুল হাসান (বিপি-৭৮০৮১২১৬৬৯)- কে কারণ দর্শাতে বলা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত প্রতিবেদনে শেখ রাজীবুল হাসান (বিপি-৭৮০৮১২১৬৬৯), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা এর বিরুদ্ধে আনীত প্রথম বিবাহের তথ্য গোপন করে দ্বিতীয় বিবাহ করার বিষয়টি ব্যতীত অন্য কোন অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন;

৪। সেহেতু, সার্বিক পর্যালোচনান্তে শেখ রাজীবুল হাসান (বিপি-৭৮০৮১২১৬৬৯), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অপরাধের গুরুত্ব বিবেচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪ এর উপ-বিধি ২(ক) মোতাবেক "তিরস্কার" লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৮ ভাদ্র ১৪৩১/১২ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৩০.২০২০-৪৬৯**—জনাব মোঃ নাজমুস সাকিব (বিপি-৮৭১৬১৭৮৩৯০), সাবেক সহকারী পুলিশ সুপার, এপিবিএন ও বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ি, (পুলিশ অধিদপ্তরে সংযুক্ত) বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত-কে এ বিভাগের গত ৩১-১২-২০২০ তারিখের ৪৪.০০.০০০০.০৫৮.২৭. ০৩০.২০২০-২৭১ নম্বর প্রজ্ঞাপন মূলে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশটি বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭২ ও ৭৩ মোতাবেক প্রত্যাহার করা হলো।

২। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়া বেতন ভাতাদি প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪৩.২৪-৪৭০**—যেহেতু, জনাব এহসানুর রহমান ভূঁইয়া (বিপি-৮৭১৩১৫৯৪৩৩), অতিরিক্ত পুলিশ সুপার, নওগাঁ, অতিরিক্ত পুলিশ সুপার (প্লাটুন কমান্ডার), BANFPU-2 (Roation-4), MINUSMA, Goundam, Mali গত ৩০-০১-২০২২ তারিখ হতে ১৬-০২-২০২৩ তারিখ পর্যন্ত BANFPU-2 (Roation-4), MINUSMA, Goundam, Mali মিশনে কর্মরত থাকাকালে গত ১৪-০৭-২০২২ তারিখ অনুমান ১৪:৩০ ঘটিকায় অফিসার্স মেসে খাবার পরিবেশনকালীন ডিউটিরত অফিসার্স মেসে খাবার পরিবেশনকালীন কর্মরত নায়েক/১২৬৮ রাজন সরকার'কে অকথ্য ভাষায় গালিগালাজ করে, উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের সাথে ঔদ্ধত্যপূর্ণ ও অসৌজন্যমূলক আচরণ করে, আইপিওদের সাথে সাপ্তাহিক কো-অর্ডিনেশন মিটিং চলাকালীন বিভিন্ন অপেশাদার আচরণ করে, এবং কন্ট্রোলরুমে কর্মরত এএসআই/ইকবাল হাসান কর্তৃক ডিউটি শুনালে রেডিও সেটে অতিরিক্ত পুলিশ সুপার জনাব এহসানুর রহমান ভূইয়া উক্ত নায়েক এর সাথে খারাপ আচরণ করে ও উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য, কর্তব্যকর্মে চরম অবহেলা, উদাসীনতা, দায়িত্বহীনতা, অপেশাদারিত্ব ও 'অসদাচরণ' করেছেন। তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে অভিযুক্তের বক্তব্য গ্রহণযোগ্য অভিযোগের বিষয়টি তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলার দায় হতে অব্যাহিত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। যেহেতু, জনাব এহসানুর রহমান ভূঁইয়া (বিপি-৮৭১৩ ১৫৯৪৩৩), অতিরিক্ত পুলিশ সুপার, নওগাঁ-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে তার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য, অভিযোগ সম্পর্কিত প্রাসঙ্গিক দলিলপত্রাদি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার বিশ্লেষণ করে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**

**পার-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ ভাদ্র ১৪৩১/০৮ সেপ্টেম্বর ২০২৪

নং **৫৯.০০.০০০০.১১১.০৬.০০২.২০.১৪৫**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ২৮-০৭-২০২১ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১১.০৬.০০২.২১.১৬১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে জনাব মো: মুজিবুল হক- কে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ঢাকা-এর চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হয়। বর্তমানে তিনি দায়িত্ব পালন থেকে অনুপস্থিত রয়েছেন বিধায় তার নিয়োগ বাতিলপূর্বক 'দি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্র্যাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩'-এর ৪(১)(এ) উপধারা মোতাবেক জনাব মল্লিকা খাতুন, যুগ্মসচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ- কে পরবর্তী ৬ (ছয়) মাস মেয়াদে বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, ঢাকা-এর চেয়ারম্যান পদে নিয়োগ প্রদান করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা বিলকিস**
উপসচিব।

---

**পার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/১৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

নং **৫৯.০০.০০০০.১১০.৯৯.০৪৭.২৪-৬১৬**—বি.সি.এস. (পরিবার পরিকল্পনা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয় হতে পিএইচ.ডি. ডিগ্রী অর্জন করায় তাঁর নামের পূর্বে 'ডক্টর' ব্যবহারের অনুমতি প্রদান করা হলো :

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | কোর্স, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম |
|---|---|---|
| ১ | মোসা: কস্তুরী আমিনা কুইন<br>উপপরিচালক<br>পরিবার পরিকল্পনা, রাজশাহী | পিএইচ.ডি<br>রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী গবেষণার শিরোনাম :<br>"Morphology and Anatomy of Some Fireflies (Coleoptera : Lampyridae) of Bangladesh" |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শারমিন ইয়াসমিন**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩১/১০ সেপ্টেম্বর ২০২৪

নং **৪৬.০০.০০০০.০৮৫.০১১.০৮৫.২০২০-৩৮৮**—প্রকৌশলী এ. কে. এম. সহিদ উদ্দিন, উপ-ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা হিসেবে প্রকল্প পরিচালক নিয়োগসহ অভ্যন্তরীণ নিয়োগ, পদোন্নতি, বদলি সংক্রান্ত ইতোমধ্যে জারীকৃত সকল আদেশ প্রশাসনিক শৃঙ্খলা রক্ষার্থে স্থগিত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আব্দুর রহমান**
উপসচিব।

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**

**বিদ্যালয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩১/১০ সেপ্টেম্বর ২০২৪

নং **৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২-৪৫৬**—আদিষ্ট হয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের গত ১২-০৩-২০১৪ খ্রিঃ তারিখের ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২-১১৯ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি এতদ্বারা বাতিলপূর্বক নিম্নরূপ এডহক কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(ক) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার

**সদস্যবৃন্দ**

(খ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

(গ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা

(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

(ঙ) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার

(চ) উপজেলা প্রকৌশলী

(ছ) উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার ০১ জন (কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত)

(জ) নিকটস্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০২ জন
(০১ জন পুরুষ ও ০১ জন নারী, কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত)

(ঝ) নিকটস্থ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ০১ জন (কমিটির আহ্বায়ক কর্তৃক মনোনীত)

**সদস্য-সচিব**

(ঞ) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত এডহক কমিটি বলবৎ থাকবে।

৩। এ মন্ত্রণালয়ের ১২-০৩-২০১৪ তারিখের ৩৮.০০৮.০৩৫.০০.০০.০০৭.২০১২-১১৯ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনের আলোকে উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির দায়িত্ব ও কার্যাবলি অনুযায়ী উপরোক্ত কমিটি দায়িত্ব পালন করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আক্তারুন্নাহার**

উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩১/২৯ সেপ্টেম্বর ২০২৪

নং **২৫.০০.০০০০.০১৫.২৮.০০১.২২-৮১০**—পরিত্যক্ত বাড়ি (সম্পূরক বিধানাবলি) আইন, ২০২৩ ক্ষমতাবলে গঠিত গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ১ম কোর্ট অব সেটেলমেন্ট ও ২য় কোর্ট অব সেটেলমেন্টের মেয়াদ সরকার ০১ জুন ২০২৪ তারিখ হতে ৩১ মে ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করলেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফরিদা ইয়াসমিন**

উপসচিব।